দৈনিক সংবাদ

JAN. 0 4 2001

তারিখ ……
পৃষ্ঠা …… কলাম ……

# আজ ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আজ ৪ঠা জানুয়ারি ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারি 'পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ' নাম নিয়ে সংগঠনটি যাত্রা শুরু করে। ৫৩ বছরের লম্বা সময়ে সংগঠনটি নানা চড়াই-উৎরাই পার হয়েছে। ইতিহাসে রেখেছে উল্লেখযোগ্য ভূমিকা।

'৪৭-এ ভারতীয় উপমহাদেশ বিভক্ত হলো সাম্প্রদায়িকতার ভিত্তিতে। প্রায় দেড় হাজার মাইলের দূরত্বে অবস্থিত দুটি অংশ নিয়ে গঠিত হলো পাকিস্তান। বাংলাদেশকে পূর্ব পাকিস্তান নাম দিয়ে পাকিস্তান রাষ্ট্রের অন্তর্ভুক্ত করা হলো। দু প্রদেশে ধর্ম ছাড়া আর কোন কিছুতে মিল ছিল না। শাসনের কেন্দ্রবিন্দু পশ্চিম পাকিস্তান হওয়ায় শুরু থেকেই তারা শোষকের ভূমিকায় অবতীর্ণ হলো। তৎকালীন ছাত্রনেতা ও পরবর্তীতে স্বাধীন বাংলার স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের সবচেয়ে সচেতন এবং কর্মঠ অংশ, ছাত্রদের একত্রিত করে পশ্চিমা শোষণের প্রতিবাদ করার জন্য একটি সংগঠন গড়ার উদ্যোগ নেন।

১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল মিলনায়তনে ছাত্রনেতা শেখ মুজিবুর রহমানের উদ্যোগে 'পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ' গঠিত হয়। রাজশাহীর নঈমউদ্দিন সংগঠনের প্রথম আহ্বায়ক মনোনীত হন।

১৯৫৩ সালে অসাম্প্রদায়িক চেতনার ভিত্তিতে 'পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ' থেকে মুসলিম শব্দ বাদ দিয়ে সংগঠনের নামকরণ করা হয় 'পূর্ব পাকিস্তান ছাত্রলীগ', মুক্তিযুদ্ধ চলাকালে ছাত্রলীগ ও স্বাধীনতা লাভের পর 'বাংলাদেশ ছাত্রলীগ' নাম ধারণ করে।

ভাষা আন্দোলন, '৫৩ সালে যুক্তফ্রন্ট গঠন, '৬২ সালে শিক্ষা আন্দোলন, '৬৪

ছাত্রলীগ ঃ পৃঃ ২ কঃ ১

## ছাত্রলীগ ঃ প্রতিষ্ঠাবার্ষিকী

(১২-এর পৃষ্ঠার পর)

সালে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ভূমিকা, রাজবন্দি মুক্তি আন্দোলন, '৬৯-এর গণ-অভ্যুত্থান ও স্বাধীনতা আন্দোলনে ছাত্রলীগ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

স্বাধীনতার পর ছাত্রলীগ বিভিন্ন সময়ে কয়েকটি ভাগে বিভক্ত হয়ে পড়ে। বর্তমানে আওয়ামী লীগ সমর্থিত ছাত্রলীগই অন্যতম বৃহত্তম ছাত্র সংগঠন। এছাড়া জাসদ, বাসদের একাংশে, ডেমোক্রেটিক লীগ ও জাপা সমর্থিত ছাত্র সংগঠন ছাত্রলীগ নামে পরিচিত।

**ছাত্রলীগ (বেপারি-কর) ঃ** প্রথম প্রহর ১২টা ১ মিনিটে সংগঠনের প্রতিষ্ঠাতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ। স্থান ঃ বঙ্গবন্ধু ভবন। ১২টা ১৫ মিনিটে কার্জন হল প্রাঙ্গণে ৫৩টি আলোর প্রদীপ জ্বালিয়ে এবং কেক কেটে জন্মদিনের শুভ উদ্বোধন, সকাল ৬টায় দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে বর্ণাঢ্য র‍্যালির উদ্বোধন।

**ছাত্রলীগের (জাসদ) কর্মসূচি ঃ** সংগঠনের ৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল ৬টায় দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, ১১ই জানুয়ারি সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ ও র‍্যালি, ১৭ই জানুয়ারি বিকেল ৪টায় মধুর কেন্টিনে পুনর্মিলনী।